তারিখ 14 MAY 2017
পৃষ্ঠা ১০ কলাম 2




*ঠাকুরগাঁও : প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্কুলে ল কলেজের বিজ্ঞপ্তি* —সংবাদ

# ঠাকুরগাঁওয়ে প্রতিবন্ধী শিশুদের টাকা ভিন্ন খাতে ব্যবহার

**জেলা বার্তা পরিবেশক, ঠাকুরগাঁও**

বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পাওয়া অর্থ ঠাকুরগাঁওয়ে অটিস্টিক শিশুদের জীবনমান উন্নয়নে ব্যবহার করা কথা থাকলেও সেই অর্থ ভিন্নখাতে ব্যবহার হচ্ছে বলে অভিযোগ উঠেছে জেলা শহরের ফ্রিড অটিস্টিক মাতৃছায়া শিশু নিকেতনের অধ্যক্ষের বিরুদ্ধে।

খোঁজ নিয়ে দেখা গেছে, কয়েক বছর আগে ঠাকুরগাঁও শহরের আর্টগ্যালারিতে প্রতিষ্ঠিত হয় ফ্রীড অটিস্টিক মাতৃছায়া শিশু নিকেতন। প্রতিষ্ঠানটি স্থাপিত হওয়ার পর বেশ কয়েক বছর পেরিয়ে গেলেও অটিস্টিক শিশুদের জ্ঞান অর্জনে তেমন কোন ভূমিকা পালন করতে পারেনি প্রতিষ্ঠানটি। যে প্রতিষ্ঠানে অটিস্টিক শিশুদের নিয়ে শিক্ষা দেয়া হয় সেই প্রতিষ্ঠানের কোন সাইবোর্ডও মিলেনি। একই প্রতিষ্ঠানে ল কলেজ, শিক্ষক প্রশিক্ষন কলেজ, হিজড়া উন্নয়ন সংঘসহ কয়েকটি সাইবোর্ড ঝুলিয়ে রেখেছে কর্তৃপক্ষ। আর এসব সাইনবোর্ডে আদোলে প্রতিষ্ঠানের সভাপতি অটিস্টিক শিশুদের নাম ভাঙ্গিয়ে প্রতিষ্ঠানের নামে বিভিন্ন জায়গা থেকে অর্থ বরাদ্দ নিয়ে খরচ করছে ভিন্নখাতে। এতে শিশুদের প্রতি অবিচার করা হচ্ছে বলে অভিযোগ অনেকের।

সংশ্লিস্ট ওয়ার্ড কাউন্সিলর ও জেলা মহিলা লীগের সভাপতি দ্রুপোদী দেবী আগরওয়ালাসহ অনেকে জানান, মহিলাদেরকে ভুল বুঝিয়ে ডেকে ফরমে সহি নিয়ে খাওয়া দাওয়া করিয়ে বিদায় করে। আর প্রতিষ্ঠানের নামে জাকজমক অনুষ্ঠান করে নিজের স্বার্থে। তার কারন সে গেল পৌর নির্বাচনে প্রার্থী ছিলেন আবারো হয়তো দাড়াবেন সে কারণে মানুষের সঙ্গে সু-সম্পর্ক রাখছেন। তবে মানুষ তো বুঝে তাই না। কতদিন চলবে এভাবে। শুনেছিলাম জেলা প্রশাসক মুকেশ চন্দ্র বিশ্বাস স্যার নাকি শিশুদের জন্য অটোরিকশা কিনার জন্য ১লাখ ৩০ হাজার টাকা দিয়েছে। আমি জনপ্রতিনিধি হয়ে খোঁজ নিয়েছি কিন্তু প্রতিষ্ঠানের সভাপতি বিষয়টি অস্বীকার করেছেন। এ ধরনের অনেক টাকাই লোপাট হচ্ছে সেই টাকা দিয়ে অনত্র জমিও কিনেছে সভাপতি বলে জানান তারা। আমরা এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের হস্তক্ষেপ কামনা করছি।

এ বিষয়ে ফ্রিড মাতৃছায় অটিস্টিক শিশু নিকেতনের সভাপতি তাহমিনা আখতার মোল্লা জানান, আমি কোন অনিয়ম করছি না। প্রয়োজনের তাগিদে সব করা হচ্ছে। আমার বিরুদ্ধে যারা অভিযোগ করছে তারা ভাল কিছু চায় না বলেই এসব কথা ছড়াচ্ছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর